



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৩৪

তারিখ: ২৪-১১-২০২০ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের দশম শ্রেণির শিক্ষার্থীদের প্রস্তাবিত নিবন্ধনে (বিভাগ, বিষয় ও ছবি) কোন ভুল থাকলে তা আগামী ২৫-১১-২০২০ খ্রি. তারিখ হতে ০৯-১২-২০২০ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের ০৩(তিন) জন শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধন করতে অনুরোধ করা হলো। সংশোধিত নিবন্ধনের হার্ডকপি উক্ত কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্বাক্ষরসহ তা বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে প্রয়োজন হলে সকল হার্ডকপি বোর্ড কর্তৃপক্ষ যাচাই করার জন্য নির্দেশ দিতে পারে। উক্ত তারিখের পর নিবন্ধন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তার জন্য স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং সেজন্য সংশোধনের প্রয়োজন হলে তার কারণ ব্যাখ্যাসহ প্রধান শিক্ষককে তাঁর ব্যক্তিগত অর্থ হতে প্রয়োজনীয় ফিস দাখিল করে সংশোধন করতে হবে, এ অর্থ কোন শিক্ষার্থীর নিকট থেকে নেয়া যাবে না। উল্লেখ্য, বিদ্যালয়ের এ ভুলের জন্য প্রতি বছর উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থীকে নিবন্ধন সংশোধন বাবদ প্রয়োজনীয় ফিস দিয়ে আবেদন করতে হয়, অথচ এ ভুলের দায় স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের। শিক্ষকদের সমন্বয়ে গঠিত যাচাই কমিটির তালিকা স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। এ বিজ্ঞপ্তির পরও কোন ধরনের ভুল থাকলে প্রতিষ্ঠান প্রধানদের এমপিও বাতিলের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ করা হবে।

উল্লেখ্য, সংশোধনের সুবিধার্থে নিবন্ধন কার্ড এর নমুনা কপি যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেয়া আছে। নিবন্ধন কার্ড এর নমুনা কপি (Temporary Registration Card) প্রিন্ট করার নিয়মাবলি নিচে দেয়া হলো:

1. Visit [www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)
2. Click Institute Panel (From Our Services)
3. Login With EIIN & Password
4. Click Temp. Reg. Card - SSC 2019-2020 (From Left Side Menu)
5. Click Print

বিষয়টি অতীব জরুরি।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল  
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

(ড. বিশ্বাস শাহিন আহমদ)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন: ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৩৪

তারিখ: ২৪-১১-২০২০ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।  
(পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৭। সংরক্ষণ নথি।

(এস এম রফিকুল ইসলাম)  
উপ-বিদ্যালয় পরিদর্শক (অনু)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন নং- ০৪২১-৬৮৬২৭